দৈনিক ইত্তেফাক

74

তারিখ FEB. 4 1999

পৃষ্ঠা ১৫ কলাম ৭



*লাইব্রেরী চর্চায় মনযোগী হউন*

## লাইব্রেরী

# কোথায় কার অবস্থান

**কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরী ঃ** অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাতীয় জাদুঘর সংলগ্ন। এখানে বইয়ের সংখ্যা ১ লাখ ২২ হাজার। প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। শুক্রবার বন্ধ। এখানে আছে শিশু-কিশোর পাঠকক্ষ। ছোট সোনামণিরা ৩ কপি ছবি ও ১০০ টাকা জামানত রেখে সদস্য হতে পারবে। এতে করে শিশুরা বাড়িতে বই নিয়ে যেতে পারবে।

**ব্রিটিশ কাউন্সিল ঃ** এর লাইব্রেরীটিও ঢাকা বিশ্ববিদ্যালয় সংলগ্ন ফুলার রোডে অবস্থিত। ব্রিটেন থেকে প্রকাশিত যাবতীয় বই এখানে পাওয়া যায়। বৃহস্পতিবার ও শুক্রবার ছাড়া অন্যান্য দিন খোলা। এখানে বইয়ের সংখ্যা ১৮ হাজার। ছাত্র-ছাত্রীরা ৩৫০ টাকার ফর্ম পূরণ করে সদস্য হতে পারবে। তবে সাধারণ লোকদের বেলায় এর হার ৫০০ টাকা। এখানে থেকে ৪টি করে বই ৩ সপ্তাহের জন্য নেয়া যায়।

**বিশ্বসাহিত্য কেন্দ্র ঃ** এর অবস্থান বাংলা মোটর এলাকায় পেট্রোল পাম্পের গলিতে। এ লাইব্রেরীর বইসংখ্যা ৩০ হাজারের মত। শুক্রবার ব্যতীত প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। সাহিত্য বিষয়ক সব বই-ই পাবেন এখানে। ৪০০ টাকা জামানত রেখে এর সদস্য হতে হয় এবং মাসিক চাঁদার হার ১০ টাকা। এছাড়া বই পড়া ও ধার নেয়ার সুবিধা তো আছেই।

জাতীয় গ্রন্থাগার ঃ এর অবস্থান আগারগাঁও-এ। এর পুস্তকসংখ্যা ৩ লাখেরও উপরে। শুক্রবার ব্যতীত অন্যান্য দিন খোলা থাকে ৮টা থেকে ২.৩০ পর্যন্ত। ১৫ টাকার বিনিময়ে সদস্য হলে পাবেন বই বাড়ী নিয়ে যাওয়ার সুবিধা।

**গণ উন্নয়ন গ্রন্থাগার ঃ** এর অবস্থান রাজধানীর অভিজাত এলাকা ধানমন্ডিতে। প্রতিদিন সকাল ৯টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে। পুস্তকসংখ্যা ২৪ হাজার। ২০০ টাকা দিয়ে মেম্বার হলে পাবেন বই ধার নেয়ার সুবিধা। এছাড়া বার্ষিক চাঁদা হিসাবে দিতে হয় ৫৫ টাকা।

**ইউসিস লাইব্রেরী ঃ** এর অবস্থান বনানী। হাউজ-১১০, রোড নং-২৭, বনানী, খোলা থাকে বৃহস্পতিবার ও শনিবার ব্যতীত অন্যান্য দিন। ৩০০ টাকা জামানত দিয়ে মেম্বার হতে হয়। এখানে বই ছাড়াও আছে অডিও-ভিডিও ব্যবস্থা। ❑নাছির উদ্দিন আহমেদ